

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/ ১২৭

তারিখ : ২৬/০২/২০১৭ খ্রি।

বিষয়: কারণ দর্শনোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ০৫/১২/২০১৬ তারিখের মাউশি/সেসিপ/২-৩৯/ইএমআইএস(অংশ-১/২০১৬/১৩৫১) নং স্মারকে জারীকৃত (মহাপরিচালক, মাউশি অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত) পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা একাডেমিক সুপারভাইজারগণ, গবেষণা কর্মকর্তাগণ ও সহকারী পরিদর্শকগণকে প্রতি মাসে ১০টি করে শিক্ষা প্রতিষ্ঠানের **IMS** ডাটা ভেরিফিকেশন করে অত্র দপ্তরে প্রেরণের জন্য বলা হয়। গত ৩১/১২/২০১৬ তারিখে সেসিপ সভাকক্ষে **UNESCO** এর কর্মকর্তাদের সাথে আয়োজিত এক সভায় **IMS** এর ডাটা উপস্থাপন কালে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রেরিত তথ্য অনুযায়ী বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলার করমজী উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা দেখা যায় ৭৩৯৫ জন যা অসত্য এবং প্রতিষ্ঠানের অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতিপূর্ণ। ফলে উক্ত সভায় এক বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। এ ধরনের ভুলতথ্য প্রেরণ কোন ভাবেই কাম্য নয়। এতে সেসিপের ভাবমূর্তি দারণভাবে ক্ষুণ্ণ হয়েছে। সুতরাং তাদের বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব ০৭(সাত) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য বলা হল।

26/02/2017
(প্রফেসর ড. শামসুন নাহার)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ৯৫৭৩৫৫৪

e-mail: shamsunamin@yahoo.com

- ১। জনাব শাহ মো: মাহমুদুন নবী, উপজেলা একাডেমিক সুপারভাইজার, দুপচাচিয়া, বগুড়া।
- ২। বেগম ফারজানা হক শারমিন, গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বগুড়া।
- ৩। জনাব মো: সিরাজুল হক সরকার, গবেষণা কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ৪। বেগম লাজিনুন নিশাত, গবেষণা কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ৫। জনাব মানিক চন্দ্র প্রমাণিক, গবেষণা কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-১), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা (সেসিপ-এর ওয়েব সাইটে নোটিশটি প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাচিয়া, বগুড়া।
- ৬। অফিস কপি।